নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।
স্মারক নং- ৩২৮২ তারিখ ঃ- ২৭/১১/২২
গ্রহণকারী ঃ-

| অঃ সঃ | সঃ প্রঃ | উঃ বিঃ প্রঃ | নিঃ প্রঃ |
|---|---|---|---|
| | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
ফোনঃ ৯৫৬২৭৯৫, ফ্যাক্সঃ ৮৮-২-৯৫৬২৯১৩
www.pwd.gov.bd

সংস্থাপন শাখা-৩

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.০৭.৩৩২.২২- ৩৬৬৯

তারিখঃ ০২-০৮-১৪২৯বঙ্গাব্দ
১৭-১১-২০২২ খ্রিষ্টাব্দ

**অফিস আদেশ**

ঠিকাদারি প্রতিষ্ঠান দি বিল্ডার্স ইঞ্জিনিয়ার্স ও জি.কে.বি.এল (জেভি), ঠিকানা-সাত্তার সেন্টার (৯ম তলা), ৩০/এ, নয়া পল্টন, ভিআইপি রোড, ঢাকা। ঠিকাদারি প্রতিষ্ঠানদ্বয়ের বিরুদ্ধে "চট্টগ্রাম এবং খুলনায় বিএসটিআই'র আঞ্চলিক অফিস স্থাপন ও আধুনিকীকরণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় "Construction of 10 Storied Regional BSTI office at Agrabad, Chittagong with 10 Storied foundation including Internal electrification, sanitary and water supply" কাজটি বাস্তবায়নের জন্য ঠিকাদারি প্রতিষ্ঠানের সাথে গত ২৬/১০/২০১৭ তারিখে চুক্তি সম্পাদিত হয়। কাজটির চুক্তি মূল্য ছিল ৩৫০৫.২৯ লক্ষ টাকা এবং চুক্তি মোতাবেক কাজটি গত ২৫/০৭/২০১৯ তারিখে সম্পাদনের জন্য নির্ধারিত ছিল। কিন্তু ঠিকাদারি প্রতিষ্ঠান নির্ধারিত সময়ে কাজ বাস্তবায়নে ব্যর্থ হওয়ায় বিভিন্ন সময়ে কাজ বাস্তবায়নের সময়সীমা বৃদ্ধি করা হয়। প্রতিষ্ঠান কাঙ্খিত অগ্রগতি অর্জনে সম্পূর্ণ ব্যর্থ এবং দীর্ঘদিন অতিবাহিত হলেও অদ্যাবধি ৪র্থ তলার ছাদ ঢালাই সম্পন্ন করতে পারেননি। কাজটির কাঙ্খিত অগ্রগতি না হওয়ায় প্রত্যাশী সংস্থাসহ শিল্প মন্ত্রণালয় কর্তৃক অসন্তোষ প্রকাশ করেন। গত ১৫/০৬/২০২২ তারিখে শিল্প মন্ত্রণালয়ের সম্মানিত সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটির সভায় কার্যসম্পাদনে ব্যর্থতার জন্য চুক্তি বাতিলের কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। চট্টগ্রাম গণপূর্ত বিভাগ-৪, চট্টগ্রাম ১০/০৮/২০২২ তারিখের ২৫.৩৬.১৫০০.২২০.১৪.৪৬.২০১৭/৩২৬৭ নম্বর স্মারকের মাধ্যমে প্রতিষ্ঠানের সীমাহীন অবহেলা, অঙ্গীকারনামা লংঘন, সক্ষমতা না থাকাসহ চুক্তিপত্রের "Fundamental Breaches of Contract" সংগঠিত হওয়ায় এবং যথাযথ কর্তৃপক্ষের নির্দেশনা ও অনুমোদনক্রমে বিষয়োক্ত কাজটি বাস্তবায়নের নিমিত্তে প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তি বাতিল করা হয়।

পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ১২৭ (৩) মোতাবেক দি বিল্ডার্স ইঞ্জিনিয়ার্স ও জি.কে.বি.এল (জেভি) দ্বয়কে কেন অভিযুক্ত করা হবে না বা একই বিধিমালার বিধি-১২৭ (৪) (গ) অনুযায়ী গণপূর্ত অধিদপ্তরে ভবিষ্যতে অন্য কোন ক্রয় কার্যক্রমে ০২(দুই) বছরের জন্য অংশগ্রহণে অযোগ্য বলে ঘোষণা করা হবে না তা পত্র প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে কারণ দর্শাতে অত্র দপ্তরের ২৫/০৯/২০২২ তারিখের ২৫.৩৬.০০০০.২২০.০৭.৩৩২.২২-৩৭৬ নম্বর স্মারকে অনুরোধ করা হয়। ঠিকাদারি প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত কারণ দর্শানো জবাব সন্তোষজনক না হওয়ায় পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৫৪ (৭) এবং বিধি ১২৭ (৪) (গ) অনুযায়ী দি বিল্ডার্স ইঞ্জিনিয়ার্স ও জি.কে.বি.এল (জেভি) দ্বয়কে পত্র জারির তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য গণপূর্ত অধিদপ্তরের ক্রয় কার্যক্রমে অংশ গ্রহণে নির্দেশক্রমে অযোগ্য বলে ঘোষণা করা হলো।

Nshaha 17.11.2022

(নন্দিতা রাণী সাহা)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ০২২২-৩৩৮০৯৯৯
ই-মেইল: se_est@pwd.gov.bd

দি বিল্ডার্স ইঞ্জিনিয়ার্স ও জি.কে.বি.এল (জেভি)
ঠিকানা-সাত্তার সেন্টার (৯ম তলা), ৩০/এ, নয়া পল্টন,
ভিআইপি রোড, ঢাকা-১০০০।

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.০৭.৩৩২.২২- ৩৬৬৯/১(২৫০)

তারিখঃ ০২-০৮-১৪২৯ বঙ্গাব্দ
১৭-১১- ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:-

১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ইহা মন্ত্রী মহোদয়ের অবগতির জন্য)।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ইহা সচিব মহোদয়ের অবগতির জন্য)।
৩। মহাপরিচালক, সিপিটিইউ, শেরে বাংলা নগর, ঢাকা। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন ঢাকা/ঢাকা গণপূর্ত মেট্রোপলিটন জোন/ঢাকা ই/এম জোন/ ই/এম পিএন্ডডি জোন/ খুলনা/ বরিশাল/ রাজশাহী/রংপুর/সিলেট/চট্টগ্রাম/ময়মনসিংহ/ গোপালগঞ্জ।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ............... গণপূর্ত সার্কেল.....................................।
৬। নির্বাহী প্রকৌশলী, ................... গণপূর্ত বিভাগ.......................।
৭। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।
৮। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সি,পি,টি,ইউ, শেরে বাংলা নগর, ঢাকা।

Website-এ Debar list
to upload

F/Drive/Nsi/Letter/A4